পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক সমিতির মুখপত্র

# ভূমিবার্তা

৩৭ বর্ষ, প্রথম-চতুর্থ সংখ্যা, জানুয়ারী-আগস্ট, ২০১৯

সম্পাদকমন্ডলী
গৌতম তালুকদার, কিশোর কুমার বিশ্বাস,
সুরজিৎ চন্দ্র, অঞ্জন ঘোষ

সম্পাদক
অনিন্দ্য বিশ্বাস

সহ সম্পাদক
অমিত শঙ্কর দাশ মজুমদার

প্রকাশক
দেবাশিস সেনগুপ্ত
পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক
সমিতির পক্ষে।

কার্যালয়
২৩৮, মানিকতলা মেইন রোড, ফ্ল্যাট -১০,
কোলকাতা-৭০০০৫৪।

প্রচ্ছদ
অমিত শঙ্কর দাশ মজুমদার

অক্ষর বিন্যাস ও রূপায়ণে
কলাভবন অ্যাডভার্টাইজিং

মুদ্রণে
জ্যোতি এন্টারপ্রাইজ
১৬/১/এইচ, হেমন্ত বসু সরণী,
কলকাতা - ৭০০০৬৯

## সূচিপত্র

| | |
|---|---|
| মৃত্যুহীন প্রাণ | ২ |
| বিদ্যাসাগরকে নিয়ে লেখা কবিতা | ৫ |
| Legal Terminology for Land Related Cases | ৯ |
| A Brief Note On Conversion Of Land | ১২ |
| ভোট এবং আমরা | ১৫ |
| Appendices (সমিতির পত্র) | ২৩ |

# মৃত্যুহীন প্রাণ

প্রিয়া ঘোষ

শৈশবের এক ভোরে এক ভয়ালদর্শন অজগর ও শিকারী ঈগলের ভয়ে সন্ত্রস্ত এক অসহায় ইঁদুরছানার ছবি মনের পটে আঁকা হয়ে গেছিল আজীবনের জন্য। প্রায় পঁচিশ বছর আগের কথা বলছি। তখনও বাঙালী ইংরাজী মিডিয়ামের সাথে সখ্যতা বশত বাংলা অক্ষর সম্ভারকে অবহেলায় একঘরে করে দেয়নি। তখনও সাধারণ বাঙালীর ঘরে জনি ও টমদের সাথে রাখাল-গোপালদের সদ্ভাব বজায় ছিল। 'বর্ণপরিচয়' -এর মলাটে এক প্রশস্ত ললাট মানুষের ছবি দেখিয়ে মা বলেছিলেন — 'বিদ্যাসাগর'। সাগর শব্দের ব্যাপ্তি বা গভীরতা কোনটাই উপলব্ধি করার মত পরিণত তখনও হই নি। তবে একটা বিশালতার আভাস ছুঁয়ে গেছিল। আজ যখন নার্সারি রাইমদের ভিড়ে বাঙালীর শৈশব থেকে প্রায় উধাও হয়ে গেছে ঐরাবত ও উটের সারি, তখন মনুষ্যত্বের প্রাচুর্য্যে সদা উজ্জ্বল সেই মহাপ্রাণের জন্মের দ্বিশতবার্ষিকী সমাগত। সেই উপলক্ষে আজ দিকে দিকে তাঁর উদ্দেশ্যে স্মরণসভার আয়োজন, পত্র-পত্রিকায় তাঁর চরিত্র মাহাত্ম্য নিয়ে লেখা লিখিও চলছে বিস্তর । আসলে বাঙালীর চরিত্রে যতটা উদ্‌যাপনের প্রবণতা মজুত আছে, আত্তীকরণের অভ্যাস ততটা নেই। তাই বিদ্যাসাগর আজও অনেকাংশেই শিশুপাঠ্যের মলাটে ও গল্পকথায় এক বিস্ময় চরিত্র হয়েই রয়ে গেছেন, তাঁর জীবনদর্শনকে বাঙালী নিজের চলার পথের পাথেয় করতে অনেকাংশেই ব্যর্থ হয়েছে। তাঁর প্রস্তরমূর্তির ভাঙনে বিস্তর হৈ চৈ, চাপান উতোরে সরগরম হয়েছে রাজনীতির মঞ্চ থেকে পাড়ার চা-এর আড্ডা, আমরা শুধু ভুলে গেছি রক্ত মাংসের মানুষ ঈশ্বরচন্দ্রের জীবন সংগ্রামকে নীরবে নিজেদের মননে ধারণ করতে।

যুগে যুগে যে সকল মহামানব সামজের বুকে নিজেদের দৃষ্টান্তমূলক অবদানের ব্যতিক্রমী ছাপ রেখে যান, তাঁদের চরিত্র মাহাত্ম্যের সাথে সার্থক ভাবে পরিচিত হওয়ার আগেই কুয়াশার মত আমাদের মনকে ঘিরে ধরে এক অপার বিস্ময়। বিদ্যাসাগরও এর ব্যতিক্রম নন। মানুষ বিদ্যাসাগরের চরিত্র সম্পদের ভান্ডার আমাদের চোখের সামনে উন্মোচিত হওয়ার আগেই, তাঁর জীবন ঘিরে প্রচলিত অনেক বিস্ময়কর কাহিনী তাঁকে বাঙালী জীবনে এক মিথে পরিণত করেছে। মাতৃভক্তির নিদর্শন স্বরূপ ভরা বর্ষায় সাঁতরে দামোদর পার হওয়া হোক বা কোলকাতার রাস্তায় ল্যাম্পের আলোয় পড়াশোনা করা হোক — এমন অনেক লোকমুখে প্রচলিত কাহিনী একদিকে যেমন ঈশ্বরচন্দ্রের জীবনীর গৌরব বৃদ্ধি করেছে অপরদিকে তেমন তাঁর চরিত্রের প্রকৃত মাহাত্ম্যকে আড়াল করেছে। শুধুমাত্র মাতৃভক্তি, দয়াবৃত্তি , অধ্যবসায় বা সাহিত্যপ্রতিভা কোন গুণই এককভাবে বা সম্মিলিতভাবে ঈশ্বরচন্দ্রকে শ্রেষ্ঠত্বের সিংহাসনে অভিষিক্ত করেনি, তাঁকে কালজয়ী করেছে তাঁর অক্ষয় মনুষ্যত্ব এবং অপরাজেয় চরিত্রবল।

উনবিংশ শতকের ঊষার আকাশ তখনও সূর্যোদয়ের অপেক্ষায়। পূব দিগন্ত নতুনের আগমনের আশায় রক্তিমাভা ছড়িয়ে দিলেও, বিগত কয়েক শতকের জমাট বাঁধা অন্ধকারকে পুরোপুরি মুছে ফেলতে পারেনি। তখনও শত শত বছরের পুঞ্জিভূত কুসংস্কার ও প্রাণহীন জীর্ণ লোকাচারের অভিশাপে অবরুদ্ধ বাঙালীর জীবন প্রবাহ। রাজা রামমোহন, ডিরোজিও, ডেভিড হেয়ারদের হিতব্রতের স্পর্শে কোলকাতার বুকে তখন সদ্য প্রস্ফুটিত হয়ে উঠছে নব্যবাদের মুকুল। কিন্তু গ্রাম বাংলার বাতাসে তখনও অশিক্ষা ও দূরাচারের বিষবাস্প। ঠিক এমনই যুগসন্ধি কালে উনবিংশ শতকের আকাশে উদিত হল এক নতুন সূর্য।

১৮২০ খ্রীষ্টাব্দের ২৬ শে সেপ্টেম্বর, বর্তমান পশ্চিম মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে এক দরিদ্র, আচারনিষ্ঠ ব্রাহ্মণ পন্ডিতের বংশে বিদ্যাসাগরের জন্ম। কিন্তু আশ্চর্যের বিষয় এটাই যে তিনি সেই যুগে ব্রাহ্মণ সন্তান হয়েও আচার সর্বস্বতার ঊর্দ্ধে আরোহণ করতে পেরেছিলেন, যুক্তিবোধ দিয়ে জয় করেছিলেন ধর্মবুদ্ধিকে। পরবর্তী জীবনে পোশাক-পরিচ্ছদে, আচার-আচরণে খাঁটি ব্রাহ্মণ হলেও তাঁর জীবন তরী পল্লীআচারের সংকীর্ণতা ও গোঁড়া ব্রাহ্মণ্যবাদের অসারতার বিপরীতে প্রবাহিত হয়েছে আজীবন। রবীন্দ্রনাথ বিদ্যাসাগরের চরিত্র মাহাত্ম্য বর্ণনা করতে গিয়ে যথার্থই বলেছেন, "বৃহৎ বনস্পতি যেমন ক্ষুদ্র বনজঙ্গলের পরিবেষ্টন হইতে ক্রমেই শূণ্য আকাশে মস্তক তুলিয়া উঠে, বিদ্যাসাগর সেইরূপ বয়োবৃদ্ধি সহকারে বঙ্গসমাজের সমস্ত অস্বাস্থ্যকর ক্ষুদ্রতাজাল হইতে ক্রমশই শব্দহীন সুদূর নির্জনে উত্থান করিয়াছিলেন।"

জন্মের পরে পিতামহ রামজয় তর্কভূষণ কৌতুক করে পুত্র

ঠাকুরদাসকে বলেছিলেন ''একটি এঁড়ে বাছুর হইয়াছে।'' ঈশ্বরচন্দ্রের প্রাজ্ঞ পন্ডিত পিতামহ ভবিষ্যৎ দ্রষ্টা ছিলেন কিনা জানা নেই, কিন্তু ঈশ্বরচন্দ্রের শৈশবের দুরন্তপনায়, কৈশরের অদম্য জেদ, যৌবনের অপরাজেয় মনোভাব ও প্রৌঢ়ত্বের অটল দৃঢ়তায় 'এঁড়ে বাছুরে'র গুণাবলী সার্থক ভাবে প্রকাশ পেত। গ্রামের কালীকান্ত চট্টোপাধ্যায়ের পাঠশালায় শিক্ষার প্রথম পাঠ শেষ করে মেধাবী ঈশ্বর যখন বাবার হাত ধরে কোলকাতার পথে রওনা হন — বয়স তখন মাত্র নয়। ১৮২৯ সাল — বঙ্গসমাজে নবজাগরণের পরিপ্রেক্ষিতে এক যুগান্তকারী বছর। ওই বছরই ২৭ শে জুলাই 'ইন্ডিয়া গেজেটে' প্রকাশিত হল সতীদাহ প্রথা রদ আইনের আভাস। প্রাচীন পন্থীদের অচলায়তনের ভিতে সজোরে নাড়া দিলেন রাজা রামমোহন রায়। ৪ই ডিসেম্বর পাকা হয়ে গেল 'সতীদাহ রদ' আইন। রামমোহনের প্রয়াস ও বেন্টিঙ্কের আদেশে হিন্দু সমাজের প্রাচীন দুর্গে ধস নেমে গেল। সহস্র বছরের পুরাতন দেওয়াল ভেঙে বদ্ধ কারাগারে প্রবেশ করল মুক্তির বাতাস। সে বাতাস ছুঁয়ে গেল বালক ঈশ্বরের আত্মাকেও । এর কয়েকদশক পরে বিদ্যাসাগরের মনুষ্যত্বের কুঠারের আঘাতে ছিন্নমূল হয়েছিল বঙ্গসমাজের আরেক কুপ্রথা — বিধবা বিবাহের প্রচলন করে সমাজের বুকে জগদ্দল পাথরের মত চেপে বসা কৌলিণ্য প্রথার ভিতে আঘাত হেনেছিলেন সজোরে। ২০১৯ এর এই 'ফেমিনিসমের' রমরমার যুগেও বিধবার দ্বিতীয় বিয়ের কথায় অনেক মডার্ণ মানুষেরও ভ্রু কুঞ্চিত হতে আমি দেখেছি। এর থেকে দেড়শো বছর আগে পরিস্থিতির প্রতিকূলতা সহজেই অনুমেয়। কিন্তু ঈশ্বরচন্দ্র ভয় পান নি, পরাজিত হতে তিনি শেখেননি জীবনে। হাজারটা কটূক্তি , আক্রমণের বিপরীতে একাকী দাঁড়িয়েছেন অবিচলিত ভাবে। ব্যক্তিগত সংকটের আশঙ্কায় সমাজের প্রভাবশালী বিত্তশালী সম্প্রদায়ের সামনে মাথা নত করেননি। ১৮৫৬ -য় বিধবা বিবাহের পক্ষে যত জন স্বাক্ষর করেছিলেন, বিপক্ষে স্বাক্ষর করেছিলেন তার থেকে অনেক বেশী মানুষ। তবু বিদ্যাসাগরের শুভ সংকল্পের গতি রোধ করা যায়নি। ওই বছর ২৬ শে জুলাই তিনি প্রমাণ করে দিলেন তিনি অপরাজেয় আর দুই শতাব্দী পেরিয়ে এসে আজও তিনি একক-স্বকীয়-ইংরাজিতে যাকে বলে Original। একুশ শতকের লিবারেল চিন্তার জোয়ারেও আমরা যখন পদে পদে সত্যি বলতে হোঁচট খাই, কর্মজগতে বঞ্চনার বিরুদ্ধে আওয়াজ তুলতে অসুরক্ষিত বোধ করি, চূড়ান্ত অপমানও নতমস্তকে মেনে নিই লোকলজ্জার ভয়ে, তখন দুই শতাব্দীর ওপারে জ্যোতির্ময় আলোকস্তম্ভের মত নির্বিচল দাঁড়িয়ে থাকেন এক শাশ্বত মহাপ্রাণ— শ্রদ্ধাবনত মস্তকে আমরা উপলব্ধি করি ঈশ্বরচন্দ্র আজও কেন প্রাসঙ্গিক আমাদের সমাজ জীবনের প্রতি পরতে পরতে।

বিদ্যাসাগরের জীবনীর কালানুক্রমিক বর্ণনা এই লেখার উদ্দেশ্য নয়। উদ্দেশ্য আজকের সামাজিক প্রেক্ষাপটে তাঁর প্রাসঙ্গিকতার অন্বেষণ। এবার আবার পিছিয়ে যাচ্ছি সেই ১৮২৯-এ। সংস্কৃত কলেজে ভর্তি হলেন বালক ঈশ্বরচন্দ্র। প্রথম দিনই প্রমাণ করলেন স্মরণশক্তি ও মেধায় তিনিই তাঁর শ্রেণিতে শ্রেষ্ঠ। পাশেই একই বাড়িতে হিন্দু কলেজ ডিরোজিয়ানদের নব্যবাদী আন্দোলনের পীঠস্থান। বিদ্যাসাগরের সখ্যতা গড়ে উঠল হিন্দু কলেজের সমবয়সী ছাত্র রামতনু লাহিড়ী, দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়দের সাথে। হিন্দু কলেজের বন্ধুরা যখন পড়ছেন মিলটনের প্যারাডাইস লস্ট, হোমারের ইলিয়াড-ওডিসি, ঈশ্বরচন্দ্র তখন জলের মত সংস্কৃত বলছেন। কিন্তু প্রাচীন সংস্কৃত শাস্ত্রে পারদর্শী হয়েও তিনি খোলা মনে পাশ্চাত্য বিদ্যাকে গ্রহণ করেছিলেন। অনেক বেশি বয়সে নির্দ্বিধায় তিনি ইংরাজী শিক্ষালাভ করেন — তাঁর অন্তর ছিল চির নবীন। প্রাচ্য ও পাশ্চাত্য বিদ্যার মধ্যে সার্থক সেতুবন্ধন করেছিলেন তিনি, অধিকাংশ মানুষই যখন বর্তমানের মাটিতে দাঁড়িয়ে অতীতের বন্ধনে আবদ্ধ থাকেন, বিদ্যাসাগর তখন তাঁর দুরদৃষ্টি নিক্ষেপ করেছিলেন ভবিষ্যতের দিকে। ভাবী প্রজন্মের চলার পথকে করেছিলেন বাধামুক্ত। ১৮৪১-এ পরীক্ষায় শ্রেষ্ঠ স্থানাধিকার করে সমাপ্ত করলেন সংস্কৃত কলেজের শিক্ষা। এরপর ১৮৪৩-এ ষড়দর্শনের পরীক্ষায় প্রথম হয়ে লাভ করলেন 'বিদ্যাসাগর' উপাধি। ইতিমধ্যেই ফোর্ট উইলিয়াম কলেজে যোগদান করেছেন প্রধান পন্ডিত হিসাবে। সূচনা হল এক অসাধারণ ও ব্যতিক্রমী কর্মজীবনের। সেই সময় বিলাতি সিভিলিয়ানরা আসতেন ফোর্ট উইলিয়ামে দেশীয় ভাষা শিখতে, শিক্ষার শেষে বিদ্যাসাগরের তত্ত্বাবধানে পরীক্ষা হত। সে পরীক্ষায় পাশ করাছিল কঠিন, ফেল করলেই মাথা হেঁট করে ফিরে যেতে হত বিলেতে। সিভিলিয়ানদের মুখে মুখে প্রচার হয়ে গেল 'Pandit is very strict'। অধ্যক্ষ মার্শাল সাহেব ঈশ্বরচন্দ্রকে বললেন পরীক্ষার নিয়মাবলী শিথিল করতে। কিন্তু ঈশ্বরচন্দ্র নিজের অবস্থানে অনড়। স্পষ্টভাবে জানালেন, চাকরি ছেড়ে দিতে তিনি রাজি কিন্তু অন্যায়কে প্রশ্রয় দিতে পারবেন না। তৎকালীন বঙ্গদেশে পন্ডিতের অভাব ছিল না, কিন্তু এই কারণেই ঈশ্বরচন্দ্র পূজনীয় — তিনি আপোসহীন। কবি সত্যেন্দ্রনাথ দত্ত

যথার্থই লিখেছেন,

'সাগরে যে অগ্নি থাকে কল্পনা সে নয়,
তোমায় দেখে অবিশ্বাসীর হয়েছে প্রত্যয়।'

পাঁচ বছর পর সংস্কৃত কলেজে যোগ দিলেন সহকারী সম্পাদক হিসাবে। কর্মজীবনের এই পর্বেও বার বার উদ্ভাসিত হয়ে উঠেছে তাঁর আপোসহীন ও অপরাজেয় চরিত্রশক্তি। তৎকালীন হিন্দু কলেজের অধ্যক্ষ কার সাহেব বুটজুতো সমেত টেবিলের উপর পা তুলে তাঁকে অপমান করেছেন। সেদিন তিনি নীরবে কাজ শেষ করে ফিরে এসেছিলেন কিন্তু সময়মত যোগ্য উত্তর দিতে ভোলেন নি। পরে যেদিন কার সাহেব সংস্কৃত কলেজে এসেছেন, তিনি তাঁর চটিজোড়া পরে টেবিলের উপর পা তুলে সাহেবকে তাঁর ঘরে অভ্যর্থনা জানিয়েছেন। সেই সময় সংস্কৃত কলেজের সম্পাদক দুজন — রসময় দত্ত এবং ময়েট সাহেব। ঈশ্বরচন্দ্রের আত্মসম্মানবোধে মুগ্ধ হয়েছিলেন ময়েট। কিছুকাল পরেই কলেজের পরিচালন পদ্ধতি নিয়ে রসময় দত্তের সাথে মতান্তর হল ঈশ্বরচন্দ্রের। সঙ্গে সঙ্গে ইস্তফা দিলেন চাকরিতে। ময়েট সাহেবের মধ্যস্ততাতেও ফল হল না। চাকরি ছাড়লে খাবেন কি? এ প্রশ্নের উত্তরে আপোসহীন কণ্ঠে তার উত্তর, 'আলু পটল বেচিব, মুদির দেকান করিব, তবুও যে পদে সম্মান নাই, সে পদ গ্রহণ করিতে চাই না।' ব্যয় নির্বাহের জন্য রচনা করলেন বর্ণপরিচয়, পঞ্চবিংশতি, বাংলার ইতিহাসের মত স্কুলপাঠ্য। কিন্তু সম্মানহীন পদে ফিরে গেলেন না। দেড় বছর পর সসম্মানে সংস্কৃত কলেজে ফিরলেন সাহিত্যের অধ্যাপক হয়ে, তারও একবছর পরে পেলেন অধ্যক্ষের পদ। জীবনে চলার প্রতি পদে একটু একটু করে আপোস করতে করতে যেখানে নিঃশেষিত হয়ে আসে বিবেকের শুভবোধ, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর সেখানে মাথা তুলে দাঁড়িয়ে থাকেন অক্ষয় বটবৃক্ষের মত।

বজ্রকঠিন দৃঢ়তার আড়ালে ঈশ্বরচন্দ্রের অন্তরে ফল্গুধারার মত প্রবাহিত হত কারুণ্যের ধারা। তিনি ছিলেন দয়ারও সাগর। সে দয়া কখনই নিজের সুখ স্বাচ্ছন্দ্য বজায় রেখে সখের দান বা বিতরণ নয় বরং নিজেকে রিক্ত করে পরহিতের জন্য নিজেকে নিবেদন করার হৃদয়বৃত্তি। সম্ভবত হৃদয়ের এই কোমলতা তিনি মাতৃসূত্রে প্রাপ্ত হন। ভগবতী দেবী ছিলেন একজন অসামান্যা নারী। তাঁর দয়াবৃত্তি ছিল যাবতীয় সঙ্কীর্ণ সংস্কারের ঊর্দ্ধে। বিদ্যাসাগরের হৃদয়সূর্য থেকেও বিকীর্ণ হয়েছিল সেই দয়ারশ্মি। আজীবন তিনি অসহায়, আর্তের চোখের জল মুছিয়েছেন। ১৯৮১ সালে 'Indian Nation' তাঁর সম্পর্কে লিখেছিল — "He never went out into the street without a few coins in his purse and never returned home without having distributed them." বিদেশে ব্যারিস্টারী পড়তে গিয়ে কপর্দকশূণ্য মাইকেল মধুসূদন দত্ত সাহায্য প্রার্থনা করে চিঠি লিখলেন বিদ্যাসাগরকে। নিজের আর্থিক সঙ্গতি ছিল না, তবুও ধার করে পনেরোশো টাকা পাঠালেন মধুসূদনকে। পরে নিজের ছাপাখানার একাংশ বিক্রি করে সেই ঋণ শোধ করেন বিদ্যাসাগর।

১৮৫৮ সালে সংস্কৃত কলেজ থেকে পদত্যাগের পর আর প্রথাগত ভাবে চাকরী করেন নি। কিন্তু আমৃত্যু নিজেকে যুক্ত রেখেছিলেন শিক্ষা সংস্কারের সাথে। তাঁর হাতেই দ্বারোদ্ঘাটোন হয়েছিল বাংলার গদ্য সাহিত্যের। দুর্বোধ্য কঠিন ভাষার শৃঙ্খলে আবদ্ধ বাংলা সাহিত্যে তিনিই প্রথম প্রাণের সঞ্চার করেন। ভাষাকে তিনি করে তোলেন শিক্ষার উপযোগী। অযথা কঠিন শব্দের প্রয়োগ থেকে ভারমুক্ত করে বাংলা ভাষাকে তিনি নিয়ে আসেন সাধারণ মানুষের মনের কাছাকাছি। বর্ণপরিচয়, কথামালার মত শিশুপাঠ্যের পাশাপাশি রচনা করেন সীতার বনবাস, ভ্রান্তিবিলাসের মত অমূল্য সাহিত্য সম্পদ। জীবনের শেষ পর্যায়ে দীর্ঘদিন কার্মাটাঁড়ের সাঁওতাল পল্লীতে প্রায় স্বেচ্ছা নির্বাসনে কাটান তিনি। ১৮৯১-এর ২৯ শে জুলাই আপামর বাঙালীর হৃদয়কে শোকের আঁধারে নিমজ্জিত করে অস্তমিত হল উনবিংশ শতকের সেই ভাস্বর সূর্য।

কালের নিয়মে সময়ের চাকা এগিয়ে যায় নিজের বেগে — সে অপ্রতিরোধ্য। নিরবিচ্ছিন্ন আগমন ও অবশ্যম্ভাবী প্রস্থানের খেলায় শূন্যে বিলীন হয়ে যায় শত সহস্র মানুষের হাসি-কান্না, প্রাপ্তি-অপ্রাপ্তির হিসাব নিকাশ, মাটিতে মিশে যায় কত শত রাজ-রাজড়ার কীর্তির নিদর্শন। কিন্তু দুর্লভ কিছু মানুষ স্বমহিমায় কালজয়ী হন। নশ্বর জীবনের সমাপ্তির পরও সভ্যতার বুকে অবিনশ্বর থাকে তাঁদের জীবনদর্শন। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর তেমনই এক মহাজীবন, যাঁকে সমাজ সংসারের ক্ষুদ্রতা, তুচ্ছতা, জড়ত্ব স্পর্শ করতে পারেনি কোনদিন। শুধুমাত্র মেধা, প্রতিভা বা দয়াবৃত্তির আখ্যান শুনে ঈশ্বরচন্দ্রের জীবনদর্শনের ব্যপ্তি উপলব্ধি করা সম্ভব নয়। এসব গুণাবলী তাঁর একটি অংশ মাত্র— ঈশ্বরচন্দ্রের শ্রেষ্ঠত্ব তাঁর অনির্বাণ মানুষ্যত্বে — চরিত্রের আপোসহীন দৃঢ়তা ও স্বকীয়তাই তাঁর শ্রেষ্ঠ সম্পদ। এই কারণেই তিনি যুগের অগ্রগামী, আজও আমাদের জীবনে একইভাবে প্রাসঙ্গিক।

*(বিদ্যাসাগরকে আধুনিক বাংলা গদ্যের জনক বলা হয়। তাঁর জনপ্রিয় সাহিত্যকর্মগুলিও গদ্যকে আশ্রয় করেই। কিন্তু তাঁর অত্যাশ্চর্য চরিত্র এবং জীবন জোড়া কর্মকাণ্ডকে ঘিরে লেখা হয়েছে অজস্র কবিতা। তাঁর সমসাময়িক কাল হতে আজ অবধি বহু বিখ্যাত কবির লেখা সেই সমস্ত কবিতাকে নিয়ে একটি প্রবন্ধ প্রকাশিত হয় 'কোরক' সাহিত্য পত্রিকার শারদ সংখ্যায়। প্রাসঙ্গিক সেই লেখাটি এখানে পুনর্মুদ্রিত হল।)*

# বিদ্যাসাগরকে নিয়ে লেখা কবিতা

সুজিত সরকার

বিদ্যাসাগরকে নিয়ে বাঙালি কবিরা অনেকেই কবিতা লিখেছেন। তার মধ্যে সর্বাধিক পরিচিতি পেয়েছে দুটি কবিতা — একটি মাইকেল মধুসূদন দত্তের 'বিদ্যার সাগর তুমি বিখ্যাত ভারতে' এবং অন্যটি সত্যেন্দ্রনাথ দত্তের 'বীরসিংহের সিংহশিশু! বিদ্যাসাগর! বীর!'।

মধুসূদন তখন বিদেশে। হাতে একটি পয়সাও নেই। ডুবে আছেন দেনার দায়ে। কীভাবে উদ্ধার পাবেন এমন ভয়ঙ্কর অবস্থা থেকে তা তিনি নিজেও বুঝতে পরছেন না। শুধু তো তিনি একা নন, স্ত্রী-ছেলেমেয়েরাও তখন তাঁর সঙ্গে সেখানে। অনেকেই তাঁর দুর্দশার কথা জানিয়ে চিঠি পাঠিয়েছেন দেশে। কিন্তু কোনো উত্তর নেই। মাইকেলের তবু বিশ্বাস, একজনের সাহায্য তিনি পাবেনই। স্ত্রী-কে বললেন, এমন একজনকে তিনি চিঠি লিখে তাঁর এই ঘোর সংকটের কথা জানিয়েছেন, যাঁর জ্ঞান প্রাচীন মুনি-ঋষিদের মতো, ইংরেজদের মতো যাঁর কর্মক্ষমতা ও উদ্যম এবং বাঙালি মায়ের মতো যাঁর হৃদয় — 'The genius and wisdom of an ancient sage, the energy of an Englishman and the heart of a Bengalee mother!' বিদ্যাসাগরের প্রতি মাইকেলের এই চূড়ান্ত নির্ভরতা এক মুহূর্তে আমাদের চিনিয়ে দেয় বিদ্যাসাগরের মহত্ত্বকে। মাইকেলের এই বিশ্বাসের মর্যাদা দিয়েছিলেন বিদ্যাসাগর। বেশ কয়েকবার টাকা পাঠিয়ে মাইকেলকে তিনি সংকটমুক্ত করেছিলেন। একটি সনেটের মাধ্যমে মাইকেল বিদ্যাসাগরের প্রতি তাঁর প্রগাঢ় শ্রদ্ধা জ্ঞাপন করেছেন :

বিদ্যার সাগর তুমি বিখ্যাত ভারতে।
করুণার সিন্ধু তুমি, সেই জানে মনে,
দীন যে, দীনের বন্ধু! উজ্জ্বল জগতে
হেমাদ্রির হেম-কান্তি অম্লান কিরণে।
কিন্তু ভাগ্যবলে পেয়ে সে মহাপর্বতে,
যে জন আশ্রয় লয় সুবর্ণ চরণে,
সেই জানে কত গুণ ধরে কত মতে
গিরিশ! কি সেবা তার সে সুখ-সদনে!
দানে বারি নদীরূপ বিমলা কিঙ্করী;
যোগায় অমৃত ফল পরম আদরে
দীর্ঘ-শির তরুদল, দাসরূপ ধরি';
পরিমল ফুল-কুল দশ দিশ ভরে,
দিবসে শীতলশ্বাসা ছায়া, বনেশ্বরী
নিশায় সুশান্ত নিদ্রা, ক্লান্তি দূর করে।

সত্যি বলতে কি, বিদ্যাসাগরের বিপুল কর্মকান্ডের কোনো তুলনা হয় না। নারীশিক্ষার প্রসার, বিধবাবিবাহ রদ, অসংখ্য বিদ্যালয় প্রতিষ্ঠা, মেট্রোপলিটন কলেজ স্থাপন এবং এরকম অনেক অনেক সমাজকল্যাণমূলক কাজের সঙ্গে সর্বক্ষণ জড়িত থেকেও অর্ধশতাধিক গ্রন্থ রচনা করেছিলেন। বাংলার জেলায় জেলায় ছুটে বেড়িয়েছেন তিনি। এমনকি মন্বন্তরের সময় সরকারকে অনুরোধ ক'রে নানা জায়গায় অন্নসত্র খুলিয়েই ক্ষান্ত হননি, নিজের গ্রামে ফিরে এসে নিজেরই দায়িত্বে খুলেছিলেন অন্নসত্র। সেখানে চার-পাঁচ মাস ধরে বারোজন ঠাকুর রেঁধেছে, কুড়িজন দিনরাত্রি পরিবেশন করেছে, এমনকি ঘর হারানো মানুষদের রুক্ষ চুলে নিজের হাতে তেল মাখিয়ে দিয়েছেন তিনি। শোনা যায়, পালকিতে যেতে যেতে বর্ণপরিচয় লিখেছিলেন। বন্ধু প্যারীচরণ সরকার ছিলেন প্রেসিডেন্সি কলেজের ইংরেজির অধ্যাপক। তাঁর চোরবাগানের বাড়িতে বিশিষ্ট বিদ্বজ্জনদের উপস্থিতিতে স্থির হয় যে বাংলা আর ইংরাজি সহজে শেখার জন্য প্রাথমিক বই লিখতে হবে। প্যারীচরণ লিখবেন ইংরাজি, বিদ্যাসাগর বাংলা। বর্ণপরিচয় সৃষ্টি হয়েছিল এইভাবেই। রবীন্দ্রনাথ জীবনস্মৃতি-তে 'জল পড়ে পাতা নড়ে'র উল্লেখ করেছিলেন। তাঁর জীবনে এটাই ছিল 'আদি কবির প্রথম কবিতা'। তিনি বলেছিলেন, "সেদিনের আনন্দ আজও যখন মনে পড়ে তখন বুঝিতে পারি, কবিতার মধ্যে মিল জিনিসটার এত প্রয়োজন কেন। মিল আছে বলিয়াই কথাটা শেষ হইয়াও শেষ হয় না— তাহার বক্তব্য যখন ফুরায় তখনো তাহার ঝংকারটা ফুরায় না, মিলটাকে লইয়া কানের সঙ্গে মনের সঙ্গে খেলা চলিতে থাকে। এমনি করিয়া ফিরিয়া ফিরিয়া সেদিন আমার সমস্ত চৈতন্যের মধ্যে জল পড়িতে ও পাতা নড়িতে লাগিল।" পড়া যাক বিদ্যাসাগরের উদ্দেশ্যে নিবেদিত রবীন্দ্রনাথের কবিতাটি :

বঙ্গ সাহিত্যের রাত্রি স্তব্ধ ছিল তন্দ্রার আবেশে
অখ্যাত জড়ত্বভারে অভিভূত। কী পুণ্য নিমেষে
তব শুভ অভ্যুদয়ে বিকীরিল প্রদীপ্ত প্রতিভা,
প্রথম আশার রশ্মি নিয়ে এল প্রত্যুষের বিভা,
বঙ্গ ভারতীয় ভালে পরাল প্রথম জয়টিকা।
রুদ্ধ ভাষা আঁধারের খুলিলে নিবিড় যবনিকা,
হে বিদ্যাসাগর, পূর্ব দিগন্তের বনে উপবনে
নব উদ্বোধন গাথা উচ্ছ্বসিল বিস্মিত গগনে।
যে বাণী আনিলে বহি নিষ্কলুষ তাহা শুভ্ররুচি,

সকরুণ মাহাত্ম্যের পুণ্য গঙ্গাস্নানে তাহা শুচি!
ভাষার প্রাঙ্গণে তব আমি কবি তোমারি অতিথি;
ভারতীর পূজা তরে চয়ন করেছি আমি গীতি
সেই তরুতল হতে যা তোমার প্রসাদ সিঞ্চনে
মরুর পাষাণ ভেদি' প্রকাশ পেয়েছে শুভক্ষণে।।

পথের পাঁচালীর অপুকে পাঠশালার গুরুমশাই শ্রুতিলিখন লিখতে বলেছিলেন। 'এই সেই জন্মস্থান মধ্যবর্তী প্রস্রবণগিরি। ইহার শিখরদেশ আকাশপথে সতত সমীর-সঞ্চরমান-জলধর-পটল-সংযোগে নিরন্তর নিবিড় নীলিমায় অলংকৃত....' — বিদ্যাসাগরের সীতার বনবাস থেকে লাইনগুলি মুখে মুখে আউড়ে যাচ্ছিলেন গুরুমশাই, আর শুনতে শুনতে বালক অপুর মনে হচ্ছিল এমন সুন্দর কথা একসঙ্গে পরপর আগে কখনো শোনেনি সে। ভাষার ভিতরে এই সরময় ধ্বনির সৃষ্টি করেছিলেন বিদ্যাসাগর তাঁর গদ্যে। মেদিনীপুর শহরে বিদ্যাসাগরের নামাঙ্কিত স্মৃতিমন্দির নির্মাণ উপলক্ষ্যে আমন্ত্রিত বৃদ্ধ রবীন্দ্রনাথ উপস্থিত শ্রোতাদের সম্মুখে বলেছিলেন 'বঙ্গ সাহিত্যে আমার কৃতিত্ব দেশের লোকে যদি স্বীকার করে থাকেন তবে আমি যেন স্বীকার করি একদা তার দ্বার উদ্‌ঘাটন করেছেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।'

মনে পড়ে কবি অমিতাভ মৈত্র একবার মেদিনীপুরের ঘাটালে এক কবিতাপাঠের অনুষ্ঠানে আমাকে আমন্ত্রণ করেছিলেন। তিনি তখন ঘাটালের এস.ডি.ও.। অনুষ্ঠান শেষে আমাকে বীরসিংহে বিদ্যাসাগরের বাড়ি দেখাতে নিয়ে গিয়েছিলেন। বিদ্যাসাগরের ব্যবহার করা দু-পাটি বাঁধানো দাঁত, চটি জোড়া, দুষ্প্রাপ্য হলুদ কিছু বই দেখে ভিতরে ভিতরে তীব্র এক রোমাঞ্চ অনুভব করেছিলাম। এখানেই ১৮২০ সালের ২৬ সেপ্টেম্বর জন্মেছিলেন ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়, যিনি পায়ে হেঁটে বাবার সঙ্গে কলকাতায় আসতে আসতে রাস্তার ধারে মাইলস্টোন দেখে সেই বালক বয়সেই ইংরাজি সংখ্যা শিখে নিয়েছিলেন, রাত্তিরে রাস্তার গ্যাসবাতির নীচে বসে পড়া তৈরী করেছিলেন, কলেজ থেকে পাশ ক'রে বেরোনোর মুহূর্তে সর্বশাস্ত্রে পারদর্শিতার জন্য পন্ডিতমশাইরা নাম দিয়েছিলেন 'বিদ্যাসাগর'। সংস্কৃত কলেজের প্রধান চেয়ারটি অলংকৃত করেছিলেন যখন, সেসময় হিন্দু কলেজের প্রিন্সিপাল কার সাহেবের সঙ্গে বিশেষ দরকারে দেখা করতে গিয়েছিলেন। জুতোসুদ্ধ পা টেবিলে তুলে দিয়ে পাইপ টানতে টানতে কার সাহেব কথা বলতে লাগলেন বিদ্যাসাগরের সঙ্গে। ক্রোধান্বিত অপমানিত বিদ্যাগর প্রতিশোধের প্রতীক্ষায় রইলেন। কিছুদিন পরেই কার সাহেবকে আসতে হ'লো সংস্কৃত কলেজে। টেবিলের ওপরে চটিসুদ্ধ পা তুলে হুঁকো খেতে খেতে বিদ্যাসাগর অভ্যর্থনা জানালেন কার সাহেবকে। এমনই তেজস্বী পুরুষ ছিলেন তিনি। ছেলেবেলায় পাঠ্য বইতে সত্যেন্দ্রনাথ দত্তের কবিতাটি পড়ানোর সময় ক্লাসশিক্ষক বিদ্যাসাগরের জীবনের এইসব কাহিনীগুলি আমাদের শুনিয়েছিলেন :

বীরসিংহের সিংহশিশু বিদ্যাসাগর! বীর!
উদ্বেলিত দয়ার সাগর, —বীর্য্যে সুগম্ভীর!
সাগরে যে অগ্নি থাকে কল্পনা সে নয়;
তোমায় দেখে অবিশ্বাসীর হয়েছে প্রত্যয়।
নিঃস্ব হয়ে বিশ্বে এলে দয়ার অবতার
কোথাও তবু নোয়াওনি শির জীবনে একবার।

কার-সাহেবের গল্পটি ক্লাসশিক্ষক শুনিয়েছিলেন সত্যেন্দ্রনাথের এই লাইনগুলি পড়াতে পড়াতে 'সে যে চটি উচ্চে যাহা উঠত এক একবার /শিক্ষা দিতে অহঙ্কৃতে শিষ্ট ব্যবহার।'

পরহিতব্রতে নিজের জীবনকে উৎসর্গ করেছিলেন যিনি, সেই তাঁকেই মানুষের হাতে লাঞ্ছিত হ'তে হয়েছে বারবার। আঘাতে আঘাতে পর্যুদস্ত হ'তে হ'তে সুতীব্র অভিমানে বলেছিলেন 'সে আমার নিন্দে করেছে? আমি তো তার উপকার করিনি কোনো।' স্বার্থপর কপট নাগরিকতাকে পরিহার ক'রে কর্মাটারে সহজ-সরল-অকপট সাঁওতালদের মধ্যে জীবনের শেষ দিনগুলি অতিবাহিত করেছিলেন। তাঁকে নিয়ে লেখা সুভাষ মুখোপাধ্যায়ের ছোট একটি কবিতা 'লাগসই' :

যেহেতু ঈশ্বরচন্দ্র ঈশ্বর ছিলেন না বাস্তবিক,
তাঁকে ধরা যেত
মানুষের দুঃখ দেখলে হতেন কাতর
অতএব লোকে করতো তাঁকেই পাকড়াও,
এবং কিছু না কিছু প্রত্যেকেই পেত
যে যেমন জানাতো প্রার্থনা!
তাও
কিছু দিলে ভুলে যাবে মানুষ সে পাত্র না—
প্রতিদানে ঢিল
ছুঁড়েছে সে সহসা পাঁজরে,
মুখটা ব্যাথায় নীল!
অতএব লেগেছিল ঠিক—
যেহেতু ঈশ্বরচন্দ্র ঈশ্বর ছিলেন না বাস্তবিক।

'কলকাতার যীশু'-র কবি নীরেন্দ্রনাথ চক্রবর্তী কবিতায় কলকাতার প্রতি তাঁর বিদ্রূপাত্মক মনোভাব প্রকাশ করেছেন—যে কলকাতা অতীতকে অবলীলায় ভুলে গিয়ে বর্তমানের নির্লজ্জ ভঙ্গি নিয়ে দাঁড়িয়ে থাকে :

আমি বুঝতে পারি,
গঙ্গাতীরের তীর্থের দিকে পা বাড়ালেই এখন
বৃত্রাসুর আমার সামনে এসে দাঁড়াবে। এবং
মাসির-কান-কামড়ানো সেই ছেলেটা আর কিছুতেই
বাদুড়বাগানে পৌঁছতে দেবে না।

স্তব্ধ হয়ে আমি বসে থাকি।
উইয়ে-খাওয়া বইয়ের পাতা হাওয়ায় উড়তে থাকে।
আমি চিনে উঠতে পারি না যে,
এ কেমন হেমচন্দ্র, আর
এ কেমন বিদ্যাসাগর।

তখন পিছন থেকে আমি আবার
সামনের দিকে চোখ ফেরাই
এবং আমি নিশ্চিত হয়ে যাই যে,
অতীতের সঙ্গে সম্পর্কহীন
বর্তমানের এই কবন্ধ কলকাতাই আমার নিয়তি,
যেখানে
'কবিতীর্থ' বলতে কোনো কবির কথা কারও মনে পড়ে না,
এবং 'বিদ্যাসাগর' বলতে
তেজস্বী কোনো মানুষের মুখচ্ছবির বদলে
ইস্কুল, কলেজ, থানা, বস্তি,
অট্টালিকা, খাটাল, পোস্টার ও পয়ঃপ্রণালী সহ
আস্ত একটা নির্বাচনকেন্দ্র
আমার চোখের সামনে ভেসে ওঠে।

বিধবাবিবাহকে আইনসম্মতভাবে প্রতিষ্ঠিত করা বিদ্যাসাগরের জীবনের এক মহান কীর্তি। বাল্যসঙ্গিনীর অকালবৈধব্য তাঁকে বিচলিত করেছিল। তিনি তখন কলকতাতায়। মেয়েটির বিয়ে হয়ে যায় এবং কিছুদিন পরেই তার বৈধব্য ঘটে। বীরসিংহে ফিরে একদিন শুনলেন মেয়েটির কিছু খাওয়া হয়নি, কারণ একাদশী এবং ইতিমধ্যেই মেয়েটি বিধবা হয়েছে। এই ঘটনা তাঁর মনে গভীর রেখাপাত করেছিল। আরেকটি ঘটনাও তাঁকে ভিতরে ভিতরে বিদ্রোহী ক'রে তুলেছিল। ছাত্রজীবনে শম্ভুনাথ তর্কবাচস্পতিকে অধ্যাপক হিসেবে পেয়েছিলেন। সেই বৃদ্ধ অধ্যাপকের আরো একবার বিয়ে করার ইচ্ছে হয়েছিল। স্নেহভাজন ছাত্র ঈশ্বরচন্দ্রকে ডেকে তাঁর মতামত জানতে চাইলেন। গুরুর এমন মনোভাবে ক্ষুব্ধ হলেন ঈশ্বরচন্দ্র। সরাসরি বললেন, আপনি তো আর বেশি দিন বাঁচবেন না, একটি মেয়ের জীবন নষ্ট করছেন কেন? বৃদ্ধ অধ্যাপক কিন্তু তাঁর অদম্য বাসনা চরিতার্থ করলেন। ক্ষুব্ধ ঈশ্বরচন্দ্র অধ্যাপকের গৃহ থেকে বেরিয়ে এলেন, বললেন, আর কোনোদিন তিনি এ বাড়িতে আসবেন না, জলস্পর্শও করবেন না। বলাবাহুল্য, মেয়েটি কিছুদিনের মধ্যেই বিধবা হয়েছিল। মনে মনে সংকল্প করেছিলেন ঈশ্বরচন্দ্র, মেয়েদের এই দুর্দশা থেকে রক্ষা করতেই হবে। লাইব্রেরিতে দিনরাত বইয়ের মধ্যে ডুবে থেকে অবশেষে প্রতিকারের পথও খুঁজে পেলেন একদিন। বিধবার বিয়ে যে অবৈধ কিছু নয়, তা শাস্ত্রতেও বলা আছে। 'বিধবাবিবাহ' প্রথম খন্ড লিখে মানুষের মধ্যে ছড়িয়ে দিলেন। চারদিকে হৈ চৈ প'ড়ে গেল। বিধবাবিবাহকে আইনসম্মত করার আবেদনের খসড়া তৈরি হ'লো। এক হাজার স্বাক্ষর সংগৃহীত হ'লো। বিরোধীরাও উল্টো দিকে প্রায় তেত্রিশ হাজার সই জুটিয়ে ফেললো। তবে শেষপর্যন্ত বিদ্যাসাগরেরই জয় হ'লো। পাশ হয়ে গেল বিধবাবিবাহের আইন। বিধবাবিবাহে সম্মত হ'লেন পাত্র শ্রীশচন্দ্র বিদ্যারত্ন। সুকিয়া স্ট্রিটে সেদিন যেন এক জাতীয় উৎসব। পাত্রকে দেখবার জন্য রাস্তায় বিরাট ভীড়। পুলিশ মোতায়েন করতে হয়েছে। ভীড়ের মধ্য দিয়ে এগিয়ে চলেছে বরের পালকি। পাত্রকে ভরসা দিতে পালকির পাশে পাশে চলেছেন বিদ্যাসাগরের বন্ধুরা। নবনীতা দেবসেনের 'ধন্য দাদু' কবিতাটি মনে পড়ছে :

আহা, বিধবা বিবাহ যদি
থাকতো বারণ
হায়, আমার তাহলে আর
হতো না জনম!

ভাগ্যে আইন বানিয়েছিলে
বালবিধবার বিয়ে দিলে
তাই তো আমার মা জননীর
মা হবার কারণ।

নইলে হয়ে 'কড়ে-রাঁড়ী'
থাকতো পড়ে বাপের বাড়ি
বদলে যেত স্বপ্ন, স্মৃতি
জীবন ধারণ।

আহা, বিধবার বিয়ে যদি
না হতো চারণ।

ধন্য দাদু, আমার তুমিই
জন্মের কারণ।।

বিদ্যাসাগরকে নিয়ে লেখা পূর্ণেন্দু পাত্রীর 'এক যে ছিল বিদ্যাসাগর' কবিতাটি মনে রয়ে গেছে আজো :

এক যে ছিল বিদ্যাসাগর
ভীষণ বাজে লোক
বলতো কিনা বিধবাদের
আবার বিয়ে হোক?

এক যে ছিল বিদ্যাসাগর
দেখতে এলেবেলে
চাইতো কিনা লেখাপড়া
শিখুক মেয়ে, ছেলে?

এক যে ছিল বিদ্যাসাগর
দেমাকধারী ধাত্
সাহেব যদি জুতো দেখায়
বদলা তৎক্ষণাৎ।

এক যে ছিল বিদ্যাসাগর
বুদ্ধিশুদ্ধি কই?
লিখেই চলে লিখেই চলে
শিশুপাঠ্য বই।

এক যে ছিল বিদ্যাসাগর
কপালে তার গেরো
ওষুধ দিয়ে বাঁচায় কিনা
গরীব-গুর্বোদেরও?

এক যে ছিল বিদ্যাসাগর
মগজটা কি ফাঁকা?
যে-যেখানে বিপন্ন তাঁর
জোগানো চাই টাকা?

সমরেন্দ্র সেনগুপ্তের এই লাইনই বা ভুলি কীভাবে : 'শব্দ যিনি শিখিয়েছিলেন তাকে আমি শব্দ লিখে কি করে বোঝাবো।' কিংবা সামসুল হকের এই পংক্তিগুলি : 'তুমি গোপালকে বড়ো ভালোবাসতে / যেমন করেই হোক দামোদর পার হয়ে / গোপালের কাঁধে হাত রাখো'।

ছোটবেলায় পড়েছি, ভাইয়ের বিয়ে উপলক্ষ্যে মা বিদ্যাসাগরকে বাড়ি আসতে লিখেছিলেন। কিন্তু কলেজ ছুটি দিতে চাইছে না। বিদ্যাসাগর কর্তৃপক্ষকে স্পষ্ট জানালেন, ছুটি না মিললে চাকরি ছেড়ে দিয়ে যাবেন, কারণ মায়ের ডাক তিনি উপেক্ষা করতে পারবেন না। অগত্যা তাঁর জেদের কাছে হার মানতে হয়েছিল কলেজ কর্তৃপক্ষকে। কিন্তু ছুটি শেষ পর্যন্ত মিললেও দামোদরের তীরের এসে দেখলেন বর্ষার উদ্দাম নদীতে কোনো মাঝি নৌকো চালাতে রাজি নয়। শেষপর্যন্ত সাঁতরে তিনি নাকি দামোদর পার হয়েছিলেন! একবার কৃত্তিবাস পত্রিকায় কবি অরবিন্দ গুহের একটি সাক্ষাৎকার নিয়েছিলাম। এই অরবিন্দ গুহ 'ইন্দ্রমিত্র' ছদ্মনামে *করুণাসাগর বিদ্যাসাগর* বইটি লিখেছিলেন। লেখাটি ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল দেশ পত্রিকায়। গবেষণাধর্মী লেখাটিতে বিদ্যাসাগরের সম্পর্কে চালু কয়েকটি ঘটনার অসত্যতা তিনি প্রমাণ করেছিলেন। বইটির জন্য তিনি রবীন্দ্র পুরস্কার পেয়েছিলেন। সাক্ষাৎকারে তিনি বলেছিলেন বিদ্যাসাগরের দামোদর সাঁতরে পার হওয়ার ঘটনাটি সম্পূর্ণ বানানো একটি ব্যাপার। বলেছিলেন : 'বিদ্যণসাগর ভাইয়ের বিয়ে উপলক্ষ্যে মায়ের ডাকে সাঁতরে দামোদর পেরিয়েছিলেন,এ-রকম বলা হয়ে থাকে। তা, যাঁর বিয়েতে তিনি এমন এক দুঃসাহসিক কাজ করলেন , সেই ভাই জানবেন না? তাঁর সেই ভাই তো একটি বইও লিখেছিলেন। সেখানে তিনি স্পষ্ট বলেছেন, এ-রকম কোনো ঘটনা ঘটেনি।' বড়ো মানুষদের নিয়ে সত্যিমিথ্যে মেশানো অনেক গল্প ছড়িয়ে থাকে সমাজে। আমরা বরং শঙ্খ ঘোষের কথাটিকে ভেবে দেখতে পারি : 'এসব গল্পের মধ্য দিয়ে বোঝা যায় অন্তত, দেশ কীভাবে তাঁকে দেখেছিল একদিন।'

বস্তুতঃ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এত বড় ও আমরা এত ছোট, তিনি এত সোজা ও আমরা এত বাঁকা, যে তাঁহার নামগ্রহণ আমাদের পক্ষে বিষম আস্পর্ধার কথা বলিয়া বিবেচিত হইতে পারে। ..আমাদের দেশের মধ্যে যাঁহারা খুব ড় বলিয়া আমাদের নিকট পরিচিত, ঐ গ্রন্থ একখানি সন্মুখে ধরিবামাত্র তাঁহারা সহসা আতি ক্ষুদ্র হইয়া পড়েন; এবং এই যে বাঙ্গালীত্ব লইয়া অহোরাত্র আস্ফানলন করিয়া থাকি তাহাও অতি ক্ষুদ্র ও শীর্ণ কলেবর ধারণ করে। ...বাস্তবিকই বিদ্যাসাগরের উন্নত সুদৃঢ় চরিত্রে যাহা মেরুদণ্ড, সাধারণ বাঙ্গালীর চরিত্রে তাহার একান্তই অসদ্ভাব। ...সরল, উন্নত, জীবন্ত মনুষ্যত্ব লইয়া তিনি শেষ পর্যন্ত স্থিরভাবে দণ্ডায়মান ছিলেন; কাহারও সাধ্য হয় নাই, সেই মেরুদণ্ড নমিত করেন।" (ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর —রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ১৯০১)

# Legal Terminology for Land Related Cases

**Compiled by Mojahid Ali**

***Accretion*** (Alluvion) The increase in area of land by deposition of soil upon the shore line of a stream, lake river or sea by the receding water

***Abut*** The place where two parcels of real property touch each other

***Constructive notice*** A notice to a suit which is mailed or published in a newspaper, but it cannot be confirmed whether the concerned party has actually received it or not

***Actual notice*** When the concerned party in a suit directly receives the notice.

***Adeem*** To revoke a will by selling or destroying or giving away the gift item during the lifetime of the testator

***Testator*** The person who makes a "will" of his/her property

***Amicus Curiae*** A person who files a brief or participates in the argument in asuit in which he/she is not one of the litigants

***Appurtenant*** Any right or restriction which goes with a property or real estate such as an easement to gain access across the neighbour's parcel

***Avulsion*** The change in the border of the two properties due to a sudden change in the natural course of stream or river when the boeder is defined by the channel of the waterway Bench A panel of Judges

**Bequeath** The act of giving any asset by the terms of a"will"

***Bequest*** The asset which is bequeathed by a "will"

***Chain of title*** The succession of title ownership to real property from the present owner back to the original owner at some distant time (it includs registered deeds, certificate of death of a tenant, foreclosure and judgement of a lawsuit)

***Codefendant*** When more than one person is sued in one lawsuit, each person sued is called a codefendant

***Codicil*** A written amendment to a person's 'Will' which must be dated, signed and witnessed just as a will would be and must make some reference to the will it amends. A Codicil can add to, subtract from or modify the terms of the original will. When the person dies, both the original will and the Codicil are submitted for approval (probate) by the court

***Collateral descendant*** A person descended from a brother of his/her ancestor. E.g. cousin, niece, nephew, aunt or uncle

***Condominium*** Title to a unit of property which includs parking, elevators, outside hallways, recreation and landscaped area in an apartment, office, store. The owner of condominium owns a common tenancy with other owners

***Consent decree*** An order of a Judge based upon an agreement put in writing by and between the parties to a lawsuit.(It cannot be appealed unless it was based upon fraud by one of the parties, mutual mistake or if the court does not have jurisdiction over the case. Such a decree is final)

***Covenant*** A promise in a written contract or a deed of Real property guaranteeing the ownership (title) to joint use of an easement for access to Real property

***Decree*** In general synonymous with Judgement. (The term Decree is preferred in cases of probates of Estates, domestic relation (divorce), court Rulings ordering or prohibiting certains acts)

***Defeasance*** A document which terminates the effect of an existing writing such as deed, bond or contract if such an event occurs

***Devolution*** The transfer of title to real property by the automatic oparation of law.E.g. inheritence of property

***Dominant estate*** In real estate, the property retained when the ownership splits of by way of conveying part of the property to another party but retains some rights such as an easement for access

***Escheat*** The forfeit by the State of all the movable and immovable property when it appears certain that there are no heirs, descendants or named beneficiaries to take the property upon the death of the last known owner

***ex parte*** Hearing or orders granted on the request of and for the benefit of one party only. This is an exception to the basic rule of court procedure that both parties must be present at any argument before a juege. Ex part matters are usually temporaryorders (like restraining order or temporary custody) pending the final hearing

***Executor*** The person appointed to administer the Estate of a person who has died leaving a will which nominates that person. Duties of the Executor include protecting the estate, obtaining information in regard to all the beneficiaries named in the will collecting and arranging for payment of debts of the estate, making sure that estate taxes are calculated.

***Half blood*** Sharing one parent only. E.g. half brother or half sister

***Hostile possession*** Forcible occupancy of a piece of a real property coupled with a claim of ownership by actions such as putting in a fence over holder of the recorded title.(It may be a case of gaining title through long term adverse possession or claiming real estate which has no known owner)

***Inter vivos trust*** A trust created in wtiting by a "Truster or Settlor" during his/her lifetime

***Testamentary trust*** A trust created by virtue of a will. The trust comes into exixtence after the death of the person making the will.

***Interim order*** A temporary order of the court, pending a hearing before the final order to provide immediate relief to one of the parties who is suffering

***Interlocutory decree*** A court judgement which is temporary and not intended to be final until either other matters come before the judge or there is specified passage of time to determine if the intereocutory decree is working to become a final decree

***Intestate*** A situation where a person dies without leaving a valid will,(usually referred to as 'He died intestate')

***Joinder*** The joining together of several lawsuits or several parties all in one lawsuit provided that the legal issues and factual situations are same for all plaintiffs and defendants It requires that one of the parties to one of the lawsuits make a motion to join the suits and the parties in a single case

***Judgement Creditor*** The wining party in a lawsuit who gets the award money by the losing party as decided by the court

***Judgement debtor*** The losing party in a lawsuit who gives award money to the winning party as decided by the court

***Judicial foreclosure*** A judgement by a court in favour of foreclosure (forfeit of a mortgaged property to be sold to pay the debt.

***Landlord's lien*** The right of a landlord to sell ababdoned property left on a rented or leased premises by a former tenant. To exercise this right, the landlord must follow procedures including written notices to the former tenant

***Testament*** A will

***Lawsuit*** A suit

***Causes of Action*** The legal claims within a lawsuit are called Cause of Action

***Letters of Administration (LOA)*** It is a document issued by a court stating the authority of the Administrator of a Estate of a person who has died. In cases where there is no will or no available executor named by a will, then an executor is appointed by the court during probate of the Estate. Certified copies of this letter are often required by banks, stock transfer agents or other courts before transfer of money or assets of the person who has died leaving behind those assets

***Lineal descendants*** A person who is in direct line to an ancestor, such as child or grandchild and so on

***Minor*** Someone under legal age which is generally 18 years

***Mirror will*** The wills of a husband and wife which are identical except that each leaves the same gift to the other and each names the other as executor

***Notary public*** A person authorised by the Sate to administer oaths, take acknowledements and certifying documents

***Perjury*** The act of intentionally lying after being duety sworn by a notary public

***Permanent injunction*** A final order of a court that a person refrain from certain activites permanently or take certain action. (it is distinguished from a preliminary injunction which the court issues pending the outcome of a lawsuit asking for permanent injunction)

***Plaintiff*** The party who initiates the lawsuit by filing a complaint in a court against another party .(The another party is called Defendant)

***Probate*** The process of proving will "valid" and thereafter administering the Estate (property) of a dead person according to the terms of the will. The first steep is to file the will for approval at the court along with the petition to appoint the executor named in the will.

***Putative will*** It is a will that apparently seems to be a final will, but a latter will is found that revokes it and shows that the pultative will was not the last will of the deceased person

***Quasijudicial Proceeding*** The proceeding undertaken by an authority or an officer discharging some of the functions of a civil court but it does not include "contempt of court"

***Quitclaim deed*** A real property deed which transfers only interest but not the title of the property ROR cannot be corrected on the basis of such deeds

***Real property*** All land and structure firmly attached to it, integrated equipments, anything grown on the land and all interest in the property including the right to acquire the property in future

***Real Estate*** Same as real property with the exception that it does not include the right to acquire the property in future

***Realty*** Real Estate

***Receiver*** A neutral person (often a trustee) appointed by a court in a lawsuit to take custody of the property, business, rent or profit of the property of a person who is deeply in debt (or has becme an insolvent) to pay up the loans to the creditors

***Redemption*** Buying back property by repaying the loan and interest and other obligations, if any

***Res-judicata*** It means "the thing has been judged" i.e. the issue before the court has already been decided by another court and between the same parties. The court will dismiss the case before it as being useless.

***Rescind*** To cancel a contract and put the parties back to the position as if the contract had not existed, both parties rescind a contract by multual agreement

***Reapondent & Appellant*** In appeal cases the party who files an appeal in a court is called an Appellant and the other party against whom appeal has been filed is called Respondent

***Testator*** A person who has written a "will" which will come into effect after the his/her death

***Testimony*** Oral evidence given under oath by a witness in answer to questions posed by attorneys at trial or at a deposition

